



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২৪৪৮১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি (শোক সংবাদ)

জাবি প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মু. নজিবুর রহমানের প্রয়াণ ॥  
উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ জুলাই ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুঃখের সঙ্গে জানাচ্ছেন যে, এ বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মু. নজিবুর রহমান (৫২) আর নেই। করোনা ভাইরাসজনিত জটিলতায় আক্রান্ত হয়ে আজ ভোর আনুমানিক সাড়ে চারটায় ঢাকায় বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। ইন্নালিল্লাহিস্সালাম। তিনি স্ত্রী, ১ মেয়ে, ১ ছেলে এবং অগণিত ছাত্র-ছাত্রী ও গৃহিণী রেখে গেছেন।

আজ সকাল পৌনে নয়টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে নামাজে জানায়া শেষে প্রয়াত অধ্যাপক ড. মু. নজিবুর রহমানের মরদেহ তাঁর গ্রামের বাড়ি চাপাইনবাবগঞ্জের গোমন্তাপুর উপজেলার রহনপুরে দাফন করা হবে।

## উপাচার্যের শোক

অধ্যাপক ড. মু. নজিবুর রহমানের প্রয়াণে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. মু. নজিবুর রহমানের অকাল প্রয়াণে দেশ এবং বিশ্ববিদ্যালয়ের অনেক ক্ষতি হলো। খাদ্য ও পুষ্টি বিষয়ক গবেষণায় তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। উপাচার্য অধ্যাপক ড. মু. নজিবুর রহমানের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করে প্রয়াত অধ্যাপকের আত্মার শান্তি কামনা করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

